অতি জরুরী
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.legislativediv.gov.bd

নং- ৫৫.০০.০০০০.১১২.১৪.০৭৭.২২-২০৪

তারিখঃ ১৪ অগ্রহায়ণ, ১৪৩০ বাং
২৯ নভেম্বর, ২০২৩ খ্রি:

## প্রকল্প স্টিয়ারিং কমিটির ৫ম সভার কার্যবিবরণী

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি" শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটির ৫ম সভা গত ২৩/১১/২০২৩ তারিখ বেলা ১০:৩০ ঘটিকায় এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনলাইন কনফারেন্স এ্যাপ (Zoom) এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

kawsar
29/11/2023

(মোহাম্মদ আবু কাউছার)
উপসচিব
টেলিফোন-৫৫১০০৯০৯
ই-মেইল: ds.planning@legislativediv.gov.bd

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আ: যুগ্মসচিব, বাজেট -৭)।
২। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপসচিব-পরিকল্পনা)।
৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: পরিচালক, সেক্টর-৩)।
৪। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান)।
৫। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর (দৃ: আ: যুগ্মপ্রধান)।
৬। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান)।
৭। অতিরিক্ত সচিব (ড্রা-চ:দা:), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৮। যুগ্মপ্রধান, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৯। প্রকল্প পরিচালক, আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি প্রকল্প, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১০। যুগ্মসচিব (প্রশাসন) (চ.দা:), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১১। সিস্টেম এনালিস্ট, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১২। উপ-সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) ও উপ-প্রকল্প পরিচালক, আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি প্রকল্প, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
২। প্রোগ্রামার, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ (কার্যবিবরণীর কপি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৩। সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.legislativediv.gov.bd

বিষয়: "আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি" শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটির ৫ম সভার কার্যবিবরণী।

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সচিব এবং প্রকল্প স্টিয়ারিং কমিটির সভাপতি জনাব মো: মইনুল কবির এর সভাপতিত্বে গত ২৩/১১/২০২৩ তারিখ বেলা ১০:৩০ ঘটিকায় "আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৫ম সভা অনলাইন এবং সরাসরি উভয় ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন (সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট- 'ক') ।

২। সচিব মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে স্টিয়ারিং কমিটির সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং SDG Target -16.b (Promote and enforce non-discriminatory laws and policies for sustainable development) এর লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে এ প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি এ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন উচ্চ অগ্রাধিকারভুক্ত একমাত্র প্রকল্প। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালক ড. মোহাম্মদ মহিউদ্দীনকে অনুরোধ করেন।

৩। প্রকল্প পরিচালক উল্লেখ করেন, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং SDG বাস্তবায়নকল্পে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। প্রকল্পের উল্লেখযোগ্য উদ্দেশ্যসমূহ হচ্ছে- মানসম্মত ও বিশ্বমানের আইন প্রণয়নের লক্ষ্যে অভ্যন্তরীণ ও বৈদেশিক উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ এবং লজিস্টিক সাপোর্টের মাধ্যমে লেজিসলেটিভ ড্রাফটিং এ দক্ষ ও প্রশিক্ষিত জনবল গড়ে তোলা, নির্বাচিত ২৫০টি আইন ইংরেজি থেকে বাংলায় এবং বাংলা থেকে ইংরেজিতে অনুবাদ করা, এ বিভাগের কর্মকর্তাবৃন্দের আইন বিষয়ে অধ্যয়নের জন্য মানসম্মত লাইব্রেরি ও ই-লাইব্রেরি স্থাপন, Law Public Awareness Cell গঠন ও শক্তিশালীকরণ, অধঃস্তন আইনসমূহ চিহ্নিতকরণপূর্বক কোডিফিকেশন ও হালনাগাদ করে কোড আকারে প্রকাশ ও ওয়েবসাইটে প্রকাশ, মূল আইনসমূহ হালনাগাদ করে প্রকাশ ও বাংলাদেশ কোড ওয়েবসাইটে আপলোড এবং লজ অব বাংলাদেশ এর নতুন অধিক ক্যাপাসিটিসম্পন্ন ওয়েবসাইট প্রস্তুত, সংরক্ষণ ও ব্যবস্থাপনা, বাংলায় আইন প্রণয়ন পদ্ধতি এবং আইনের ব্যবহারশাস্ত্র (Jurisprudence) সংবলিত লেজিসলেটিভ ডেস্কবুক প্রণয়ন, সাংবিধানিক ও আইনি অধিকার বিষয়ে জনসাধারণকে সচেতন করা। প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয় মোট ৩৮৭৮.৯২ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদ জুলাই, ২০২২ হতে জুন, ২০২৬ পর্যন্ত।

৪। প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয় মোট ৩৮৭৮.৯২ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদ জুলাই, ২০২২ হতে জুন, ২০২৬ পর্যন্ত। ২০২২-২৩ অর্থ বছরে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)'তে ১২০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল। জুন, ২০২৩ পর্যন্ত সময়ে উক্ত অর্থ হতে মোট ৯৫.৮১ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে, যা মোট বরাদ্দের প্রায় ৮০% এবং মোট ব্যয়যোগ্য বরাদ্দের ৯৬%।

প্রকল্পটির অনুকূলে ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)'তে ২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। অদ্যাবধি উক্ত অর্থ হতে মোট ৫৮.৭৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে, যা মোট বরাদ্দের ২৯.৩৮%। এডিপি বাস্তবায়ন অগ্রগতির সংক্ষিপ্ত বিবরণী নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

| ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিতে বরাদ্দ | অর্থ অবমুক্তি (২য় কোয়ার্টার পর্যন্ত) | ২১/১১/২০২৩ পর্যন্ত সময়ে এডিপি বাস্তবায়ন অগ্রগতি | মোট বাজেট বরাদ্দের বিপরীতে খরচের শতকরা হার (%) |
|---|---|---|---|
| ২০০.০০ | ১০০.০০ | ৫৮.৭৫ | ২৯.৩৮% |

৫। সভায় আরো জানানো হয় যে, অদ্যাবধি প্রকল্পের নিম্নরূপ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে:

- প্রকল্পের আওতায় এ বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সীমিত বাজেট বরাদ্দের আলোকে ৮টি স্থানীয় প্রশিক্ষণ (২০২২-২৩ অর্থবছরে ৫টি প্রশিক্ষণে মোট ১৬৩ জন এবং ২০২৩-২৪ অর্থবছরে ৩টি প্রশিক্ষণে মোট ৭১ জন) আয়োজন করা হয়েছে।
- সাংবিধানিক ও আইনি অধিকার সম্পর্কে জেলা পর্যায়ে ৩টি সচেতনতামূলক ওয়ার্কশপ (মুন্সিগঞ্জ, ঢাকা ও টাঙ্গাইল জেলায়) এবং ৩টি স্টেকহোল্ডার কনসালটেশন (মানিকগঞ্জ, যশোর ও পটুয়াখালী জেলায়) অনুষ্ঠিত হয়েছে। ৩টি সচেতনতামূলক ওয়ার্কশপে মোট ৩৪৩ জন এবং ৩টি স্টেকহোল্ডার কনসালটেশনে মোট ৩০৫ জন কর্মকর্তা/প্রতিনিধি অংশগ্রহণ করেন।
- উক্ত ওয়ার্কশপ এবং স্টেকহোল্ডার কনসালটেশনে সুশীল সমাজের প্রতিনিধি, নির্বাচিত জনপ্রতিনিধি, মানবাধিকার কর্মী, স্থানীয় প্রশাসনের প্রতিনিধি, বিচার বিভাগীয় কর্মকর্তা, পুলিশের প্রতিনিধি, আইনজীবী, এনজিও প্রতিনিধি, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রতিনিধি, প্রতিবন্ধী/ দরিদ্র ও অবহেলিত নারী-শিশুদের প্রতিনিধি, এ বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণসহ প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধি উপস্থিত ছিলেন।
- প্রকল্প কর্তৃক আয়োজিত লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক কর্মশালা এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১২/১০/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মহোদয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কর্মশালায় এ বিভাগের ১ম শ্রেণীর সকল কর্মকর্তা এবং Lead Ministry হিসেবে দায়িত্বপ্রাপ্ত লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের জন্য নির্ধারিত এসডিজি টার্গেট ১৬.বি এর সহযোগী অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তা/এসডিজি ফোকাল পয়েন্ট (মন্ত্রিপরিষদ বিভাগ, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ এবং আইন ও বিচার বিভাগ) অংশগ্রহণ করেন। উক্ত কর্মশালায় মোট ৬৬ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।
- নির্বাচিত ১২০টি আইন ইংরেজি হতে বাংলায় এবং বাংলা হতে ইংরেজিতে অনুবাদের লক্ষ্যে ২টি প্যাকেজের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের জন্য চুক্তি সম্পাদন করা হয়েছে।

৬। সভায় জানানো হয় যে, প্রকল্প স্টিয়ারিং কমিটির ৪র্থ সভা গত ০৭/০৯/২০২৩ তারিখে এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

| ক্রমিক নং | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা |
|---|---|---|
| ১৬.১ | (ক) নির্বাচিত আইনের অনুবাদ কার্যক্রম সম্পন্ন করার জন্য প্যাকেজ-১ (SD-6) এবং প্যাকেজ-২ (SD-7) এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের কার্যাদেশ শীঘ্রই প্রদান করতে হবে। | প্যাকেজ-১ (SD-6) এবং প্যাকেজ-২ (SD-7) এর আওতায় নির্বাচিত ১২০টি আইন ইংরেজি হতে বাংলায় এবং বাংলা হতে ইংরেজিতে অনুবাদের লক্ষ্যে ২টি প্যাকেজের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের জন্য চুক্তি সম্পাদন করা হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান ইতোমধ্যে অনুবাদ কার্যক্রম শুরু করেছে। চুক্তি অনুযায়ী নভেম্বর/২০২৩ এর শেষে পরামর্শক প্রতিষ্ঠান প্রাথমিক খসড়া অনুবাদ (আংশিক) দাখিল করবে। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আইনের অনুবাদের শুদ্ধতা যাচাইয়ের জন্য এ বিভাগের |

| ক্রমিক নং | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা |
|---|---|---|
| | | যুগ্মসচিব (লেজিসলেটিভ অনুবাদ) কে আহ্বায়ক করে ১৩ (তেরো) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। |
| | (খ) পরিকল্পনা কমিশন কর্তৃক ২০২৩-২৪ অর্থ বছরে অতিরিক্ত বরাদ্দ প্রদানের প্রস্তাব অনুমোদনের পর অগ্রাধিকার ভিত্তিতে BD Laws ও Laws of Bangladesh website পুন:স্থাপন এবং Code of Delegated Legislation প্রণয়ন ও BD Rules Website Develop করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | BD Laws ও Laws of Bangladesh website পুন:স্থাপন এবং Code of Delegated Legislation প্রণয়ন ও BD Rules Website Develop করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থবছরের বিদ্যমান বরাদ্দের অতিরিক্ত আরো ৩.০০ কোটি টাকা বরাদ্দ প্রদানের জন্য পরিকল্পনা কমিশনে গত ১৭/০৮/২০২৩ তারিখে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অতিরিক্ত বরাদ্দ প্রদানের প্রস্তাবটি সুপারিশ করে কার্যক্রম বিভাগে প্রেরণ করা হয়েছে মর্মে ভৌত অবকাঠামো বিভাগের যুগ্মপ্রধান (পিপিএইচ-১) সভাকে অবহিত করেন। বিষয়টি সংশোধিত এডিপিতে বিবেচনা করা হতে পারে মর্মে কার্যক্রম বিভাগের সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা সূত্রে জানা গেছে। কার্যক্রম বিভাগের যুগ্মপ্রধান জানান যে, সংশোধিত এডিপি প্রণয়নকালে বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা হবে। |
| ১৬.২ | আইন প্রণয়ন বিষয়ে সক্ষমতা বৃদ্ধির জন্য Legislative Process and Technique বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের স্থানীয় প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। বাজেট বরাদ্দের আলোকে কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির জন্য অনুমোদিত ডিপিপির সংস্থান মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ২০২৩-২৪ অর্থ বছরে ইতোমধ্যে এ বিভাগের কর্মকর্তা/ কর্মচারীদের ৩টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আইনের খসড়া প্রণয়নের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উপসচিব ও সিনিয়র সহকারী সচিব পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তাদেরকে Training on Constitution & Law Making Process বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য ১০টি মন্ত্রণালয়ের ২০ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদানের জন্য গত ০৬/১১/২০২৩ তারিখে এবং আরও ১০ টি মন্ত্রণালয়ে ২০ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদানের জন্য গত ২২/১১/২০২৩ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে ৮জন কর্মকর্তার মনোনয়ন পাওয়া গেছে। প্রশিক্ষণটি শীঘ্রই অনুষ্ঠিত হবে। |
| ১৬.৩ | প্রকল্পের আওতায় ঢাকায় এবং ঢাকার বাইরে অনুষ্ঠিতব্য বিভিন্ন ওয়ার্কশপ ও সেমিনারে প্রকল্প বাস্তবায়ন কমিটি ও প্রকল্প স্টিয়ারিং কমিটির সদস্যবৃন্দকে অংশ গ্রহণের জন্য পর্যায়ক্রমে আমন্ত্রণ জানাতে হবে। | এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিভিন্ন ওয়ার্কশপ ও সেমিনারে পিএসসি ও পিআইসি এর সদস্যবৃন্দকে পর্যায়ক্রমে অংশ গ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে। |
| ১৬.৪ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের আওতায় Law Public Awareness Cell গঠন করার জন্য প্রকল্প পরিচালক প্রস্তাব প্রেরণ করবেন। | Law Public Awareness Cell গঠনে সহায়তা প্রদান ও শক্তিশালীকরণ বিষয়ে অগ্রগতি সম্পর্কে অর্থ বিভাগের প্রতিনিধি জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন যে, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের আওতায় Law Public Awareness Cell গঠন করার প্রস্তাব গত ১৪/০৯/২০২৩ খ্রি. তারিখে প্রকল্প পরিচালক কর্তৃক প্রেরণ করা হয়েছে। বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। |

| ক্রমিক নং | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা |
|---|---|---|
| ১৬.৫ | আইন বিষয়ে গুরুত্বপূর্ণ বই, ম্যাগাজিন ও জার্নাল এবং অন্যান্য সংশ্লিষ্ট ডকুমেন্ট সমৃদ্ধ Resource and Documentation center/ লাইব্রেরী স্থাপনের (অনলাইন এবং ফিজিক্যাল) বিষয়ে এ বিভাগের প্রশাসন অনুবিভাগ হতে উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রকল্প অফিস এ বিষয়ে বাজেট বরাদ্দ সাপেক্ষে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। | এ বিষয়ে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। প্রকল্পের বাজেট বরাদ্দের আলোকে প্রয়োজনীয় সহায়তা/ইনপুট প্রদান করা হবে। |
| ১৬.৬ | আইন বিষয়ে গবেষণা কার্যক্রম দক্ষতার সাথে পরিচালনার জন্য একটি স্বতন্ত্র স্থায়ী গবেষণা সেল/উইং স্থাপনের বিষয়ে এ বিভাগের আওতায় উদ্যোগ গ্রহণ করতে হবে। | এ বিভাগের আওতায় বিদ্যমান কয়েকজন কর্মকর্তাকে অতিরিক্ত দায়িত্ব প্রদানের মাধ্যমে গবেষণা সেল/শাখা গঠন করা হয়েছে। প্রকল্পের বাজেট বরাদ্দের আলোকে উক্ত দপ্তরসমূহে প্রয়োজনীয় সহায়তা/ইনপুট প্রদান করা হচ্ছে। |
| ১৬.৭ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের আওতায় Legislative Editing Unit গঠন করার জন্য প্রকল্প পরিচালক প্রস্তাব প্রেরণ করবেন। | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের আওতায় Legislative Editing Unit গঠন করার জন্য প্রকল্প পরিচালক কর্তৃক গত ১৪/০৯/২০২৩ তারিখে এ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। |
| ১৬.৮ | আইনগত অধিকার সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সুনির্দিষ্ট আইন, বিধিমালা ও প্রযোজ্যক্ষেত্রে প্রবিধানমালার সংক্ষিপ্ত ব্যবহারিক নির্দেশনা ও উপযোগিতা, আইনের প্রয়োগ ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করে প্রশ্ন ও উত্তর (Q&A) সম্বলিত App/ ডিজিটাল প্ল্যাটফর্ম তৈরীর বিষয়ে এ বিভাগের আওতায় উদ্যোগ গ্রহণ করতে হবে। | এ বিষয়ে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। |

৭। অত:পর প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি এবং কর্মপরিকল্পনা অনুযায়ী করণীয় দিক সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগ, কার্যক্রম বিভাগ এবং অর্থ বিভাগের প্রতিনিধিসহ কমিটির সদস্যবৃন্দ উক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং টেকসই উন্নয় অভীষ্ট (এসডিজি) এর লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে গৃহীত প্রকল্পটির অগ্রগতি ত্বরান্বিত করার জন্য প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্টদেরকে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। পিএসসি সদস্যবৃন্দ কর্তৃক গুরুত্বপূর্ণ পরামর্শ প্রদানের জন্য তিনি সকলকে ধন্যবাদ জানান এবং প্রকল্পটি সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

৮। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| **ক্রমিক নং** | **আলোচ্য বিষয়** | **সিদ্ধান্ত** |
|---|---|---|
| ৮.১ | অগ্রাধিকার কাজসমূহ সম্পন্ন করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ | (ক) প্যাকেজ-১ (SD-6) এবং প্যাকেজ-২ (SD-7) এর পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত অনুবাদ কার্যক্রম এ বিষয়ে গঠিত কমিটির মাধ্যমে যথাযথভাবে যাচাইপূর্বক গ্রহণ করতে হবে। কাজটি ত্বরান্বিত করার জন্য নিয়মিত ফলোআপ করতে হবে।<br>(খ) BD Laws ও Laws of Bangladesh website পুন:স্থাপন এবং Code of Delegated Legislation প্রণয়ন ও BD Rules Website Develop করার জন্য ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেটে প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তির প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ৮.২ | Legislative Process and Technique বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম | আইন প্রণয়ন বিষয়ে সক্ষমতা বৃদ্ধির জন্য Legislative Process and Technique বিষয়ে এ বিভাগের পাশাপাশি সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রাণালয়ের কর্মকর্তাদের স্থানীয় প্রশিক্ষণ কার্যক্রম শীঘ্রই শুরু করতে হবে। বাজেট বরাদ্দের আলোকে কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির জন্য অনুমোদিত ডিপিপির সংস্থান মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ৮.৩ | বিভিন্ন ওয়ার্কশপ ও সেমিনারে প্রকল্প বাস্তবায়ন কমিটি ও প্রকল্প স্টিয়ারিং কমিটির সদস্যবৃন্দকে সম্পৃক্তকরণ | প্রকল্পের আওতায় ঢাকায় এবং ঢাকার বাইরে অনুষ্ঠিতব্য বিভিন্ন ওয়ার্কশপ ও সেমিনারে প্রকল্প বাস্তবায়ন কমিটি ও প্রকল্প স্টিয়ারিং কমিটির সদস্যবৃন্দকে অংশ গ্রহণের জন্য পর্যায়ক্রমে আমন্ত্রণ জানাতে হবে। |
| ৮.৪ | গবেষণা সেল/শাখায় প্রয়োজনীয় সহায়তা/ইনপুট প্রদান | আইন বিষয়ে গবেষণা কার্যক্রম দক্ষতার সাথে পরিচালনার জন্য গবেষণা সেল/ শাখায় প্রকল্পের বাজেট বরাদ্দের আলোকে প্রয়োজনীয় সহায়তা/ইনপুট প্রদান করতে হবে। |

৯। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত) ২৯/১১/২০২৩

(মোঃ মইনুল কবির)
সচিব
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
ও
সভাপতি
প্রকল্প স্টিয়ারিং কমিটি
আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে
জনসচেতনতা সৃষ্টি প্রকল্প।

| Name (Orig | User Email | Join Time | Leave Time | Duration (M | Guest | Recording ( | In Waiting Room |
|---|---|---|---|---|---|---|---|
| Dr Mohiud | muddinlpad@gmail.com | 11/23/2023 9:39 | 11/23/2023 10:35 | 56 | No | Yes | No |
| Md. Moinul Kabir, Secretary, LPAD | | 11/23/2023 9:40 | 11/23/2023 10:35 | 56 | Yes | Yes | No |
| Legislative and Parliamentary Affairs Div | | 11/23/2023 9:41 | 11/23/2023 10:35 | 55 | Yes | | No |
| Muhammad Abu Kawsar, DS | | 11/23/2023 9:41 | 11/23/2023 10:35 | 54 | Yes | Yes | No |
| Hafiz Ahmed Chowdhury, AddlS, Legislat | | 11/23/2023 9:56 | 11/23/2023 10:35 | 40 | Yes | Yes | No |
| Rafiqul Alam, Joint chief, PID, planning C | | 11/23/2023 9:56 | 11/23/2023 10:35 | 39 | Yes | Yes | No |
| Nusrat,Deputy Director,IMED | | 11/23/2023 10:00 | 11/23/2023 10:05 | 5 | Yes | | No |
| Mst. Anar Kali, Joint Chief, Programming | | 11/23/2023 10:00 | 11/23/2023 10:35 | 35 | Yes | Yes | No |
| Mohammad Asaduzzaman Sarker, DS, G | | 11/23/2023 10:03 | 11/23/2023 10:10 | 8 | Yes | Yes | No |
| Md. Safiul Alam, DS, B-22, FD | | 11/23/2023 10:03 | 11/23/2023 10:35 | 32 | Yes | | No |
| Dr Mohiuddin, JS,M/O Law | | 11/23/2023 10:05 | 11/23/2023 10:05 | 1 | Yes | | No |
| iPhone | | 11/23/2023 10:06 | 11/23/2023 10:06 | 1 | Yes | | No |
| Dr Mohiuddin, JS,M/O Law | | 11/23/2023 10:06 | 11/23/2023 10:35 | 29 | Yes | Yes | No |
| Nasim Ahmed Director IMED (iPhone) | | 11/23/2023 10:08 | 11/23/2023 10:20 | 12 | Yes | Yes | No |
| Nasim Ahmed Director IMED | | 11/23/2023 10:20 | 11/23/2023 10:35 | 16 | Yes | | No |